

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ১৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপনের প্রস্তুতিমূলক ১ম সভা অনুষ্ঠিত
মহাসমারহে ১৩তম প্রতিষ্ঠা বার্ষিকী পালনের উদ্যোগ



২০ অক্টোবর জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাবার্ষিকী দিবস। বিগত বছরগুলোর ন্যায় এবারও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মহাসমারহে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপিত হতে যাচ্ছে। ২০ অক্টোবর-এর পরিবর্তে ২২ অক্টোবর দিনব্যাপী ১৩তম প্রতিষ্ঠা বার্ষিকীর বিভিন্ন অনুষ্ঠান পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

এ উপলক্ষে ২৩ সেপ্টেম্বর-২০১৮, রবিবার বেলা ১২টায় উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর সভাপতিত্বে উপাচার্য মহোদয়ের সভা কক্ষে ১৩তম জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষে কেন্দ্রীয় কমিটির ১ম প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

এবারের বিশ্ববিদ্যালয় দিবসে দিনব্যাপী নানা অনুষ্ঠানের মধ্যে রয়েছে-বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান। র্যালির সার্বিক ব্যবস্থাপনায় থাকবে প্রক্টর দপ্তর। সাংস্কৃতিক অনুষ্ঠানের সার্বিক দায়িত্ব পালন করবে সংগীত ও নাট্যকলা বিভাগ। এছাড়াও চারুকলা বিভাগের উদ্যোগে চিত্রকলা প্রদর্শনীর আয়োজন করা হবে।



এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, রেজিস্ট্রার, বিভাগের চেয়ারম্যান, দপ্তর প্রধান, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, ক্রিয়াশীল ছাত্র সংগঠন, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি ও সহায়ক কর্মচারী সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয় দিবসে সকল বিভাগ ও দপ্তরসমূহ খোলা থাকবে।